

Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 10 May, 2025

কুড়িগ্রাম সদরে বাড়ির পাশের ভুট্টা ক্ষেতের পাশ থেকে এক কিশোরীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার সকালে স্থানীয়রা মরদেহ পড়ে থাকতে দেখে খবর দিলে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায় পুলিশ।

সদর উপজেলার হলোখানা ইউনিয়নের কাগজীপাড়া এলাকায় এ ঘটনা ঘটেছে। ওই তরুণীর নাম জান্নাতি খাতুন (১৫)। সে ওই গ্রামের জাহিদুল ইসলামের মেয়ে এবং কাগজীপাড়া উচ্চ বিদ্যালয়ে ৯ম শ্রেণিরতে পড়তো। পুলিশ বলছে মরদেহের মাথায় আঘাতের চিহ্ন রয়েছে।

স্থানীয়রা জানান, বাড়ির পাশে ভুট্টা ক্ষেত। তার পাশে ফাঁকা কৃষি জমিতে উপুর হয়ে মরদেহটি পড়ে থাকতে দেখেন তারা। মারা যাওয়া কিশোরীর বাড়ি বোন মোরশেদা জানান, গত রাত ৩ টার দিকে বাড়ির সামনে খড়ের পালায় হঠাৎ করে আঙুন লাগে। এসময় বাড়ির লোকজন আঙুন নেভাতে বের হয়। জান্নাতিও বের হয়। কিন্তু তাকে আর পাওয়া যায়নি।

তাদের অভিযোগ, জমাজমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষরা খড়ের গাদায় আঙুন দিয়ে মেয়েটিকে তুলে নিয়ে গিয়ে হত্যা করা হয়েছে।

পুলিশ জানায়, পূর্ব শত্রুতার জেরে হত্যাকাণ্ড ঘটতে পারে। মরদেহের মাথায় আঘাতের চিহ্ন রয়েছে। তবে ময়নাতদন্ত রিপোর্ট ও তদন্ত ছাড়া এখনি কিছু বলা যাচ্ছে না।

কুড়িগ্রাম সদর থানার অফিসার ইনচার্জ হাবিবুল্লাহ জানান, প্রাথমিকভাবে এটি হত্যাকাণ্ড মনে হয়েছে। নিহতের পরিবারের অভিযোগ জমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষ এটি ঘটিয়েছে। মরদেহ মর্গে পাঠানো হয়েছে। এখনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তবে মামলা হবে।

পুলিশ কুড়িগ্রাম মরদেহ ভুট্টা ক্ষেত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:55

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/2836212239>